



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে পুলিশ কমিশনারের মতবিনিময় সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৯ আগস্ট ২০২২।

বরিশাল মেট্রোপলিটন পুলিশের নবাগত পুলিশ কমিশনার সাইফুল ইসলাম (বিপিএমবার) এর সাথে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ২৯ আগস্ট ২০২২ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা হলে সভাটি অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন, ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া, সরকারি বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. গোলাম কিবরিয়া, সাবেক অধ্যক্ষ স ম ইনামুল হাকিম, উপ-পুলিশ কমিশনার (দক্ষিণ) আলী আশরাফ ভূঁইয়া (বিপিএমবার), অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (দক্ষিণ) ফজলুর রহমান, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। মতবিনিময় সভায় শিক্ষার্থীদের উদ্দেশ্যে পুলিশ কমিশনার মহোদয় বলেন, দেশ ও পরিবারের প্রতি তোমাদের দায়বদ্ধতা রয়েছে। দেশপ্রেমের আদর্শে উজ্জীবিত হয়ে নিজেদেরকে আলোকিত মানুষ হিসেবে গড়ে তুলতে হবে। কেননা তোমাদের হাত ধরেই গড়ে উঠবে আগামীর উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ। আর এ ক্ষেত্রে আমরা কেবল তোমাদের পথ নির্দেশক মাত্র। তোমাদের নিজেদের জীবন নিজেদেরকেই গড়তে হবে। সভাটি পরিচালনা করেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মো. খোরশেদ আলম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়